গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
www.dls.gov.bd

বিষয়: প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন টিমের ১৯/০২/২০১৮ খ্রি: অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিরনী।

অদ্য ১৯/০২/২০১৮ খ্রি: রোজ সোমবার প্রাণিসম্পদ অধিদপ্তরের ইপিডেমিওলজি শাখায় ইনোভেশন টিমের মাসিক সভা ইনোভেশন অফিসার ডা: বশীর আহমেদ সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সকল কর্মকর্তার নামের তালিকা পরিশিষ্ট-১ সংযুক্ত করা হ'ল।

সভাস্থান	ইপিডেমিওলজি শাখা
তারিখ ও সময়	১৯/০২/২০১৮ খ্রি: ; সকাল: ১১.০০ ঘটিকা

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি উপস্থিত সকলকে আজকের সভার agenda অনুযায়ী আলোচনা এবং মতামত প্রদানের জন্য অনুরোধ করেন।

ডাঃ মোঃ রফিকুল ইসলাম সভাকে জানান যে, SIP ডাটাবেজ তৈরী করার জন্য ডাঃ মোখলেছুর রহমানকে দায়িত্ব প্রদান করা হয়েছিল। শুরুতেই কাজের অগ্রগতি বিষয়ে জানতে চাওয়া হয়। জবাবে জনাব মোখলেছ জানান যে ডাটাবেজ তৈরী করা হয়েছে। ৮টি ইনোভেশন রেপ্লিকেশন করা হয়েছে। SIP ডাটা তৈরীতে ৬২,৮০০/ (বাষট্টি হাজার আটশত টাকা) খরচ হয়েছে। জনাব মোখলেছ খরচের টাকা পরিশোধ করার জন্য কর্তৃপক্ষকে অনুরোধ জানান।

সভাপতি জনাব ডাঃ বশীর আহমেদ E- vet.service বিষয়ে ড. আলী আহসানকে কাজের অগ্রগতি বিষয়ে আলোচনা করার আহবান জানান। জবাবে জনাব ড. আলী আহসান জানান যে, ইতিমধ্যে ইনসেপশণ ওয়ার্কশপ সম্পাদন করা হয়েছে। সফটওয়ার এর কাজের অগ্রগতি সন্তোষজনক। নির্ধারিত সময়ের মধ্যে চলমান কাজ সম্পন্ন হবে বলে আশা করা যায়।

ইউনিয়ন পর্যায়ে সেবাকেন্দ্র বিষয়ে ডাঃ মোঃ রফিকুল ইসলাম সভাকে জানান যে, ইউনিয়ন পর্যায়ে সেবাকেন্দ্র স্থাপন বিষয়ে মাঠ পর্যায়ে বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দপত্রের কপি প্রাণিসম্পদ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রদান করা হয়েছে।

ড.মুস্তানুর রহমান সভাকে জানান যে, আগামী ২৮.০২. ১৮ তারিখ প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন সমুহের শোকেসিং হবে। এ ব্যাপারে ইনোভেটরদের সাথে যোগাযোগ করা হয়েছে এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। জনাব মোঃ শামীম হোসেন টেলিফোনে যোগাযোগ করে ইনোভেটরদের অংশগ্রহন নিশ্চিত করেছেন।

প্রাণিসম্পদ সেবাসপ্তাহ-২০১৮ উপলক্ষ্যে স্ক্রলবার তৈরী করা হয়েছে। তাই ইনোভেশন খাত থেকে স্ক্রলবার তৈরী করার কোন প্রয়োজন নাই। প্রাণিসম্পদ অধিদপ্তরের বিভিন্ন মেলা এবং অনুষ্ঠানে এলইডি মনিটরের প্রয়োজন পড়ে। তাই উপস্থিত সকলে মনিটর কেনার বিষয়ে গুরুত্ব আরোপ করেন।

ডাঃ মোঃ রফিকুল ইসলাম সভাকে জানান যে, প্রাণিসম্পদ অধিদপ্তরের ইন্টারনেট নেটওয়ার্ক (LAN) শক্তিশালী করার জন্য সার্ভার কক্ষের প্রয়োজনীয় মেরামত ও যন্ত্রপাতি সংযোজনের প্রয়োজন। তাই, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মোঃ সোহরাব হোসেনকে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার তাগিদ প্রদান করা হয়। সার্ভার কক্ষের ইন্টারনেট লাইনের ধীরগতি দীর্ঘ দিনের সমস্যা। বিটিসিএল কোম্পানীর দায়ীত্বপ্রাপ্ত ব্যক্তির সাথে আলোচনা করে সন্তোষজনক জবাব পাওয়া যায়নি। তাই বিটিসিএল এর পরিবর্তে টেলনেট বা অন্য কোন ভাল কোম্পানীর সাথে যোগাযোগ করে সমস্যা সমাধান করা যায় কিনা, মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর মহোদয়ের সাথে আলোচনার সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের a2i program এর উদ্যোগে অনলাইন সেবা চালুকরণ বিষয়ে ৩ দিন ব্যাপী কর্মশালা আয়োজনের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা রয়েছে। a2i কর্তৃপক্ষের সাথে আলোচনা পুর্বক প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য ড. মুস্তানুর রহমানকে দায়িত্ব প্রদান করা হয়।

বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রমিক নং	সিদ্ধান্ত	দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা
১	গত ০৭।০১।১৮ তারিখের সিদ্ধান্তের আলোকে মোঃ মোখলেছুর রহমান কে SIP database তৈরী ও update করার দায়িত্ব প্রদান করা হয়।	ডাঃ মোঃ মোখলেছুর রহমান, জেলা প্রাণী হাসপাতাল, গাজীপুর।
২.	E- vet. service বিষয়ে ইনসেপশন ওয়ার্কশপ সম্পাদন করা হয়েছে। সফটওয়ার তৈরীর কার্যক্রম যথাসময়ে শেষ করে প্রশিক্ষণ কার্যক্রম সুরুর তাগিদ প্রদান করা হয়। ।	ড. সৈয়দ আলী আহসান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (এল/আর), প্রাণিসম্পদ অধিদপ্তর
৩	ইউনিয়ন পর্যায়ে প্রাণিসম্পদ সেবাকেন্দ্র স্থাপন বিষয়ে নির্বাচিত উপজেলা সমুহে ২০১৭-১৮ সালের বাজেট প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন অফিসার ডাঃ বশীর আহমেদ এবং ডাঃ মোঃ রফিকুল ইসলাম, ডিপিডি, আঞ্চলিক প্রাণিরোগ আনুসন্ধান গবেষণাগার সমুহের আধুনিকায়ন ও সক্ষমতা বৃদ্ধিকরণ শীর্ষক প্রকল্প।
৪	২৮.০২.১৮ তারিখের শোকেসিং যথাসম্ভব সুন্দরভাবে অনুষ্ঠান আয়োজন করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং প্রাণিসম্পদ অধিদপ্তরের সংশ্লিষ্ট ইনোভেটরবৃন্দ ও ইনোভেশন টীম।
৫	প্রাণিসম্পদ অধিদপ্তরের জন্য এলইডি মনিটর কেনার সিদ্ধান্ত	ডা. বশীর আহমেদ, ডা. রফিকুল ইসলাম ও

	গৃহীত হয়।	ডা. মোখলেছুর রহমান
৬	সার্ভার কক্ষ আপডেট করার সিদ্ধান্ত গৃহীত হয়।	মোঃ সোহরাব হোসেন, মোঃ শামীম হোসেন ও ড.মুস্তানুর রহমান।
৭	অনলাইনভিত্তিক সেবাচালুকরণ বিষয়ে ৩ দিনের একটি ওয়ার্কশপ পরিচালনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ড. মোঃ মুস্তানুর রহমান ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।
৮	প্রাণিসম্পদ অধিদপ্তরের ইন্টারনেট সার্ভিস চালুকরন বিষয়ে বিটিসিএল এর পরিবর্তে টেলনেট বা অন্য বেসরকারী প্রতিষ্ঠানকে দায়িত্ব প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়	ডাঃ বশীর আহমেদ, মোঃ শামীম হোসেন, মোঃ সোহরাব হোসেন
৯	প্রাণিসম্পদ অধিদপ্তরের অভ্যাথনা কক্ষে একটি ওরিয়েন্টেশন বোর্ড স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	ড. সৈয়দ আলী আহসান, টীম লিডার, ই- ভেট সার্ভিসকে দায়িত্ব প্রদান করা হয়।

সভায় আর কোন আরোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(ডা: বশীর আহমেদ)
উপ-পরিচালক ও প্রধান, ইপিডেমিওলজি ইউনিট
এবং
ইনোভেশন অফিসার
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা

স্মারক নং- ৩৩.০১.০০০০.৭৭৭.১৮.৫০১.১৫.২৩৮ তাং- ১৯.০২.১৮

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রদান করা হলো-

১। ড. মোঃ আবু সুফিয়ান,সহকারী পরিচালক(প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন) ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
২। ড. সৈয়দ আলী আহসান, ইউএলও(লীভ/রিজার্ভ) ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৩। ডাঃ মোঃ রফিকুল ইসলাম,ইউএলও(লীভ/রিজার্ভ) ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৪। মোঃ শামীম হোসেন, ইউএলও(লীভ/রিজার্ভ) ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৫। ড. এবিএম মুস্তানুর রহমান, ইউএলও(লীভ/রিজার্ভ) ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৬। ডা. শাকিফ-উল আজম, পিএইচডি, ইউএলও(এল/আর) ও সদস্য ইনোভেশন টীম ,সংযুক্তি-সহকারী পরিচালক(প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন), ডিএলএসঢাকা। ,
৭। মোঃ সোহরাব হোসেন, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আইসিটি সার্ভার শাখা ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৮। মোঃ মোখলেছুর রহমান, ভেটেরিনারি সার্জন, জেলা প্রাণী হাসপাতাল, গাজীপুর।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি-

১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
২। জনাব মোঃ তৌফিকুল আরিফ, যুগ্নসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।